নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বাইতুল্লাহ-এ প্রবেশ করলেন, আরো প্রবেশ করলেন উসামা ইব্নু যায়দ, বেলাল ও ‘উসমান ইব্নু ত্বলহা।

আব্দুল্লাহ ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে মারফু হিসেবে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বাইতুল্লাহ-এ প্রবেশ করলেন, আরো প্রবেশ করলেন উসামা ইব্নু যায়দ, বেলাল ও ‘উসমান ইব্নু ত্বলহা। তাদের ওপর দরজা বন্ধ করে দেওয়া হলো। যখন দরজা খোলা হলো, তখন আমিই প্রথম ব্যক্তি যে ভিতরে প্রবেশ করেছে। আমি বিলালের
সাথে দেখা পেয়ে তাকে জিজ্ঞেস করলাম: নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কি ভিতরে
সালাত আদায় করেছেন? তিনি বললেন: হ্যাঁ, ডানের দুই খুঁটির মধ্যখানে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যখন মক্কা বিজয় হয় এবং আল্লাহ তাআলা তার ঘরকে মুর্তি, ভাস্কর্য ও ছবি থেকে পবিত্র করেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা‘বায় প্রবেশ করলেন। তার সাথে ছিল তার দুই খাদেম বিলাল ও উসামাহ এবং বাইতুল্লাহর পাহারাদার উসমান ইবন তালহা। তারা প্রবেশ করার পর দরজা বন্ধ করে দেওয়া হলো যাতে লোকেরা রাসূল কীভাবে ইবাদত করেন তা দেখার জন্য ভিড় না করে। কারণ এমন হলে তারা এ পবিত্র স্থানে তার আসল উদ্দেশ্য আল্লাহর সাথে কথোপকথন এবং তার নি‘আমতের শুকরিয়া আদায় করা থেকে তাকে বিরত রাখবে। যখন তারা তাতে দীর্ঘ সময় অবস্থান করলেন তখন তারা দরজা খুললেন। আব্দুল্লাহ ইবন উমার ছিল রাসূলের পদাঙ্ক অনুসরন করা ও সুন্নাতের অনুসরণ করার প্রতি অধিক আগ্রহী। এ কারণে, দরজা খোলার পর তিনি ছিলেন প্রথম প্রবেশকারী। তারপর তিনি বিলালকে জিজ্ঞাসা করলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি তাতে সালাত আদায় করেছেন? তিনি বললেন, হ্যাঁ। ডানের দুই খুঁটির মধ্যখানে। তখন কা‘বা শরীফে ছিল ছয়টি খুঁটি। তিনটি তার পিছনে আর দুটি তার ডানে এবং একটি তার বামে। আর তার মাঝে এবং দেয়ালের মাঝে দূরত্ব ছিল তিন হাত। তিনি দুই রাকা‘আত সালাত আদায় করলেন এবং তার চার কোনায় দো‘আ করলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3148